ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

2 DECEMBER 2024 7:35AM IST

==========================================================================

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল ভুবনেশ্বরে আয়োজিত সর্বভারতীয় পুলিশ সঞ্চালক প্রধান এবং পুলিশ মহা পরিদর্শকদের বার্ষিক সম্মেলনের সমাপ্তি অনুষ্ঠানে অংশগ্রহণ করে সাইবার ক্রাইম , উপকূলীয় অঞ্চলের সুরক্ষা , মাওবাদী সন্ত্রাসবাদের সঙ্গে মোকাবিলা সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে বক্তব্য রাখেন । প্রধানমন্ত্রী কর্মক্ষেত্রে পুলিশ প্রশাসনের থাকা পরিকাঠামোমূলক সমস্যাগুলি সমাধানের বিষয়েও আলোচনা করেন ।

সম্মেলনে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ , জাতীয় সুরক্ষা উপদেষ্টা অজিত দোভাল , স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন , পুলিশের প্রবীণ আধিকারীক তথা বিভিন্ন নিরাপত্তা সংস্থার প্রধানদের সঙ্গে সন্ত্রাসবাদ মোকাবিলায় রণকৌশল প্রস্তুত , দ্রোণ ও কৃত্রিম বুদ্ধিমত্তার মতো প্রযুক্তির ব্যবহার ও প্রত্যাহ্বান , জাতীয় নিরাপত্তা সম্পর্কীত বিভিন্ন বিষয়ের সঙ্গে মোকাবিলা করার ক্ষেত্রে সঠিক পথ অবলম্বন সম্পর্কেও বিশেষ গুরুত্ব আরোপ করা হয় ।

---

লক্ষ্মীপুরের মহকুমা ন্যায় দন্ডাধীশের আদালত লক্ষ্মীপুর সহ বরাক উপত্যকার বিচার ব্যবস্থাকে আরো গতিশীল করে তুলবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আশা প্রকাশ করেন । মুখ্যমন্ত্রী ড: শর্মা গতকাল কাছাড় জেলার লক্ষ্মীপুরে মহকুমা ন্যায় দন্ডাধীশ আদালত ভবনের উদ্বোধন করে এই মন্তব্য করেন । অনুষ্ঠানে ভাষন প্রসংগে মুখ্যমন্ত্রী মহিলাদের বিরুদ্ধে হোয়া অপরাধ প্রতিরোধ করা সহ তাদেরকে এ ক্ষেত্রে শীঘ্রই ন্যায় প্রদানের জন্য আইনজীবিদের ন্যায় পালিকার সংগে সম্পূর্ন সহযোগীতা করতে আহ্বান জানান । মূখ্যমন্ত্রী বলেন যে ন্যায় প্রদানে বিলম্ব হোয়া সমগ্র প্রক্রিয়াটির গুরুত্ব কমিয়ে দেয় । সেজন্য মূখ্যমন্ত্রী দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য আইনী প্রক্রিয়ার সংগে জড়িতদের প্রতি আহ্বান জানান । ডিজিটেল প্রযুক্তির ব্যবহার সম্পর্কে মুখ্যমন্ত্রী বলেন ই- ফাইলিং , ভাচুয়েল শুনানি এবং পেপারলেস কোর্ট চালুর মাধ্যমে বিচার ব্যবস্তার আধুনিকীকরণ হচ্ছে । বিশেষকরে শিশুদের উপর অপরাধের দ্রুত নিষ্পত্তির জন্য ১৭ টি জেলায় পকসো আদালত এবং নগাও এ বিশেষ আদালত স্থাপন করা হয়েছে । অনুষ্ঠানে গৌহাটী হাই কোর্টের মুখ্য বিচারপতি বিজয় বিষ্ণইও উপস্থিত ছিলেন ।

---

বাংলাদেশে বসবাসরত সংখ্যালঘু হিন্দুদের সুরক্ষা প্রদান করা বাংলাদেশ সরকারের দায়িত্ব বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সাংবাদিকদের সংগে কথাবার্তার সময় জানান । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কূটনৈতিক ব্যবস্থার মাধ্যমে বাংলাদেশ সরকার যাতে সংখ্যালঘু হিন্দুদের সুরক্ষা প্রদান করে সেজন্য প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে বলে মূখ্যমন্ত্রী মন্তব্য করেন ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেলের লামডিং ডিভিশনের অধীন লামডিং বদরপুর পাহাড় লাইনের দিহাখো - মুপা অংশে ট্র্যাক সুরক্ষা সম্পর্কীত কাজের জন্য গতকাল থেকে ৮ই ডিসেম্বর পর্যন্ত ৫ ঘন্টা করে মেগা ব্লকের ব্যবস্থা করা হয়েছে । এর পরিপ্রেক্ষিতে কয়েকটি ট্রেনের চলাচল বাতিল , সময় পরিবর্তন ও নিয়ন্ত্রন করা হয়েছে । এ অনুযায়ি ৮ই ডিসেম্বর পর্যন্ত শিলচর - গুয়াহাটী যাত্রী ট্রেন , চৌঠা ও ৭ই ডিসেম্বর বদরপুর - গুয়াহাটী এক্সপ্রেস ট্রেন বাতিল করা হয়েছে । অনুরূপভাবে ২ , ৪ ও ৭ই ডিসেম্বর গুয়াহাটী -দুল্লভছড়া এক্সপ্রেস বাতিল করা হয়েছে । ৩ , ৫ ও ৮ই ডিসেম্বর দুল্লভছড়া - গুয়াহাটী এক্সপ্রেস ট্রেন বাতিল করা হয়েছে । এছাড়া ৫ ও ৬ই ডিসেম্বর শিলচর - কলকাতা বিশেষ ট্রেনও বাতিল করা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলার বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলির ছাত্র-ছাত্রীদের অটোমেটেড পার্মানেন্ট একাডেমিক রেজিষ্ট্রি ,আপার আইডি তৈরীর সময়সীমা বৃদ্ধি করা হয়েছে । গতকাল হাইলাকান্দির শিক্ষা বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত ত্রিদিপ রায় গ্লোবাল সেন্ট্রাল পাবলিক স্কুলের বার্ষিক উৎসবে অংশ নিয়ে একথা জানিয়েছেন । শ্রী রায় জানান যে আপার আইডির মাধ্যমে প্রতিটি বৈধ শিক্ষার্থীর সমস্ত সার্টিফিকেট , মার্কশিট এবং একাডেমিক তথ্য ডিজিটেল আকারে সংরক্ষিত থাকবে । শ্রী রায় আরো জানান যে আধার কার্ডের আদলে প্রতিটি শিক্ষার্থীর জন্য থাকবে আপার আইডি যা কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ভর্তির সময় শিক্ষার্থীর যাবতীয় তথ্য সরবরাহ করবে ।

---

শ্রীভূমি জেলার সাতটি সুসংহত শিশু উন্নয়ন প্রকল্পের অধীনে আগামী ৫ই ডিসেম্বর থেকে ১৩ই ডিসেম্বর পর্যন্ত দিব্যাঙ্গ শনাক্তকরণ শিবির অনুষ্ঠিত হবে । জেলা সমাজ কল্যান আধিকারীক জানিয়েছেন যে ‘এলিমকো’র সহযোগিতায় দিব্যাঙ্গদেরকে বিনামূল্যে অনুদান ও সহায়ক সামগ্রী প্রদান করতে জেলার বিভিন্ন স্থানে এই শিবিরের আয়োজন করা হবে । ৫ই ডিসেম্বর লোয়াইরপোয়ার ইছাবিল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে , ৬ই ডিসেম্বর রামকৃষ্ণ বিদ্যাপীঠ হাইস্কুলে ,৭ই ডিসেম্বর উত্তর শ্রীভূমি অঙ্গনওয়াড়ি কার্য্যলয় ও শ্রীভূমি শহর ও আকবরপুর কৃষি বিজ্ঞান কেন্দ্রে , ৮ই ডিসেম্বর দক্ষিণ শ্রীভূমির জটাই এম ই স্কুল , , চেরাগি হাইস্কুল , ২২২ নম্বর নাইখাই দক্ষিণগ্রাম প্রাথমিক বিদ্যালয়, রুপসীবাড়ী ও মহাকল খন্ড উন্নয়ন কার্য্যলয়ে শিবিরের আয়োজন করা হয়েছে । এছাড়া পাথারকান্দির বারইগ্রাম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে এই শিবিরের আয়োজন করা হয়েছে । শিবিরগুলোতে সংশ্লিষ্ট এলাকার দিব্যাঙ্গদের এই সুবিধা গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হয়েছে ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ শিলচর সিটির সহযোগীতায় আজ ভরাখাই বাগান প্রাথমিক বিদ্যালয়ে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

---

---